

২০২০

বাংলা - সাধারণ

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-2

(বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা এবং অলৌকিক কাহিনি)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

Day 2

- ১। (ক) 'শজারুর কাঁটা' উপন্যাসের 'উপক্রম' অংশটির সংযোজনের গুরুত্ব আলোচনা করো। ১০
অথবা,
(খ) 'শজারুর কাঁটা' উপন্যাসে দেবশিশু চরিত্রটির গুরুত্ব আলোচনা করো। ১০
- ২। (ক) 'প্রফেসর শঙ্কু ও ম্যাকাও' গল্পে 'ম্যাকাও'-এর পরিচয় এবং তার কর্মকাণ্ডের কথা গল্প অবলম্বনে আলোচনা করো। ১০
অথবা,
(খ) 'হিপনোজেন' শব্দের অর্থ কী? গল্পে হিপনোটাইজড কেউ হয়েছিল কি না কাহিনি অবলম্বনে বিবৃত করো। ১+৯
- ৩। (ক) 'পেনেটিতে' গল্পটিতে জগু, ভুটে এবং নেলো কীভাবে ভয় পেয়েছিল তা নিজের ভাষায় লেখো। ১০
অথবা,
(খ) 'তাঁর (লীলা মজুমদার) গল্পে ভূতের চেহারা নিপাট ভালমানুষের মতন, শুধু হাবেভাবে মালুম হয় যে তারা ভূত।'—
'সব ভুতুড়ে' গ্রন্থের যে-কোনো দুটি গল্প অবলম্বনে মন্তব্যটির সমীচীনতা বিচার করো। ১০
- ৪। (ক) ব্যোমকেশ কীভাবে বুঝতে পারেন প্রবালই আসল আততায়ী তা আলোচনা করো। ৫
অথবা,
(খ) 'তিনটে মানুষ বেঘোরে প্রাণ দিল।'— কোন তিনটে মানুষের কথা বলা হয়েছে? তাদের বেঘোরে প্রাণ দেওয়ার কারণ কী ছিল? ৩+২
- ৫। (ক) 'যন্ত্রই যন্ত্রকে চেনে ভালো।'— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটির তাৎপর্য বিচার করো। ৫
অথবা,
(খ) 'ব্যোমযাত্রীর ডায়েরি' গল্পটি অবলম্বনে মঙ্গলগ্রহ ও সেখানকার প্রাণীদের বর্ণনা দাও। ৫

Please Turn Over

- ৬। (ক) 'সেখানে গঙ্গার ধারে আমার পূর্বপুরুষদের একটা মস্ত বাড়ি আছে।'— কোন গল্প থেকে নেওয়া হয়েছে? বাড়িটির ইতিহাস বর্ণনা করে এর বর্তমান পরিস্থিতি কেমন ছিল বলো। ১+৪

অথবা,

- (খ) অহিদিদির বন্ধু কারা ছিল? তাদের ওই অবস্থা কীভাবে হয়? ২+৩

- ৭। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫×১

- (ক) শজারুর কাঁটা (আকৃতি এবং উপন্যাসে এর ভূমিকা)।
 (খ) প্রফেসর শঙ্কু (চেহারা এবং কর্মকাণ্ডের সংক্ষিপ্ত বর্ণনা)।
 (গ) ভূত ('সব ভুতুড়ে'র গ্রন্থ-পরিচয় অবলম্বনে)।

- ৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

- (ক) ফাগুরামের প্রাত্যহিক আয় কত ছিল?
 (খ) শজারুর কাঁটাবিদ্ধ চতুর্থ ব্যক্তিটি কে ছিল?
 (গ) দেবশিসের কীসের ব্যবসা ছিল?
 (ঘ) নৃপতিবাবুর বাড়িতে আগত অভিনেতাটির নাম কী ছিল?
 (ঙ) 'ব্যোমযাত্রীর ডায়েরি' গল্পটি প্রথম কোথায় প্রকাশিত হয়েছিল?
 (চ) প্রফেসর শঙ্কু প্রাতর্ভ্রমণে কোথায় যেতেন?
 (ছ) টেরাটম গ্রহের প্রাণীরা আসলে কী ছিল?
 (জ) 'মহাকাশের দূত' গল্পের সূচনায় কে, কোথা থেকে শঙ্কুকে পত্র লিখেছিলেন?
 (ঝ) 'শঙ্কু ও আদিম মানুষ' গল্পে কে, কাকে আদিম মানুষে রূপান্তরিত করে?
 (ঞ) লক্ষ্মী কে ছিল?
 (ট) 'কাঠপুতলি' গল্পে কোন বিখ্যাত জায়গার উল্লেখ আছে?
 (ঠ) 'খাগায় নমঃ' গল্পের কালো পালকটির বর্ণনা দাও।
 (ড) 'ফ্যান্টাস্টিক' গল্পে যে কুকুরটির উল্লেখ আছে তার নাম কী ছিল?
 (ঢ) 'চোর' গল্পের বক্তা কোথা থেকে, কী চুরি করেছিল?
 (ণ) ফ্রাঙ্কেনস্টাইনের বাড়ির নাম কী ছিল?